

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

(জেনেরিক ইলেক্টিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-2

(বাংলা নাটক পাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রঙ্গমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) থার্ড থিয়েটারের প্রবক্তা কে? তাঁর রচিত দুটি নাটকের নাম লেখ।
- খ) মন্মথ রায় রচিত প্রথম পৌরাণিক নাটক কোন্টি? তাঁর একটি একাঙ্ক নাটকের নাম লেখো।
- গ) 'চাঁদ বণিকের পালা' কার রচনা? এই নাট্যকার রচিত আরো একটি নাটকের নাম করো।

- ঘ) 'কারাগার' নাটকের প্রকাশ সাল লেখো। পৌরাণিক নাটক রচনাকালে মন্মথ রায়ের ওপর কোন্ বিশিষ্ট নাট্য ব্যক্তিত্বের প্রভাব কাজ করেছিল?
- ঙ) 'চাঁদ বণিকের পালা' নাটকটির কেন্দ্রীয় চরিত্রের নাম লেখো। তাঁর স্ত্রীর নাম কি?
- চ) 'পাগলাঘোড়া' নাটকটির প্রকাশ সাল উল্লেখ করো। নাট্যকারের আরো দুটি উল্লেখযোগ্য নাটকের নাম করো।
- ছ) 'চাঁদ বণিকের পালা' নাটকটির দুটি পার্শ্বচরিত্রের নাম লেখো।
- জ) 'আমি গুরু, আমার এ অনুরোধ।' — উক্তিটি কে কার প্রতি করেছিল?
- ঝ) ভাগবতের কোন্ কোন্ অংশের কাহিনী নিয়ে 'কারাগার' নাটকটি রচিত হয়েছে?
- ঞ) 'পাগলাঘোড়া' নাটকের দুটি পুরুষ চরিত্রের নাম লেখো।
- ট) 'কারাগার' নাটকের একটি প্রধান চরিত্র ও একটি অপ্রধান চরিত্রের নাম লেখো।
- ঠ) 'নিঃসঙ্গ নির্জন এই মালভূমে শুধু আমরা দু'জন' — দু'জন কারা?
- ড) 'কারাগার' নাটকের নারী শক্তির প্রতিভূ দুটি নারী চরিত্রের নাম লেখো।
- ঢ) লছমী ও মালতী কোন্ নাটকের চরিত্র? তারা কোন্ কোন্ পুরুষ চরিত্রের সঙ্গে সম্পর্কের সূত্রে জড়িত ছিল?

গ) ‘ওই যে নেমকহারাম কুকুরটার কথা বলছিলাম না।’
— সংলাপটি কার? কুকুরটার নাম কি?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

ক) ‘সাত বছর বসে থেকে তুমি সাতটি দিন সময় চেয়েছিলে।
তাও পেলেনা।’— কোন্ প্রসঙ্গে বক্তার এই সংলাপ? এর
পরবর্তী ঘটনাটি সংক্ষেপে লেখো।

খ) ‘কারাগার’ নাটকটি পৌরাণিক নাটক হিসেবে কতটা সার্থকতা
তা সংক্ষেপে আলোচনা করো।

গ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকে সনকার চরিত্রের সংক্ষিপ্ত
পরিচয় দাও।

ঘ) ‘সদাগর, তুমি লোকের সন্মুখে নিজের যে পরিচয় প্রকাশিত
করো, তুমি সেই লোক নও’ — উক্তিটির প্রসঙ্গ ও তাৎপর্য
নির্দেশ করো।

ঙ) ‘নিজ হাতে যে বিষবৃক্ষ রোপণ করেছ তার ফলভোগ
তুমি না কর তোমার পুত্র, তোমার পৌত্র, প্রপৌত্র
বংশানুক্রমে করবে।’ — বক্তা কোন্ প্রসঙ্গে এই উক্তিটি
করেছেন? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

চ) ‘গল্প? কার গল্প নেই? কার রহস্য নেই? তোমরা?
তোমাদের গল্প নেই?’— সংলাপটি কার? বক্তার এই
সংলাপের অন্তর্নিহিত অর্থটি বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) ‘চাঁদ বণিকের পালা’ নাটকটির সংলাপে ব্যবহৃত ভাষা
রীতির বৈচিত্র্য বিষয়ে আলোচনা করো।

খ) বাহ্যত পৌরাণিক নাটক হলেও ‘কারাগার’ নাটকের
অস্তুরালে আছে জাতীয় ভাবোদ্দীপনা ও স্বদেশপ্রেমের
জাগরণ— সংক্ষেপে বিশ্লেষণ করো।

গ) ‘পাগলাঘোড়া’ নাটকে হিমাদ্রী ও মিলির দাম্পত্য সম্পর্কের
যে জটিল প্রেমমনস্তত্ত্ব নাট্যকার ফুটিয়ে তুলেছেন তা
ব্যক্ত করো।

ঘ) ‘তুমি - তুমি সাত বছর - আমাকে আমার জন্যে?— এই
সংলাপের প্রেক্ষাপটে বক্তার চরিত্র আলোচনা করো।
